

সমাজসেবা অধিদপ্তরের গবেষণা নীতিমালা, ২০২২

সমাজসেবা অধিদপ্তর

গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা

সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন কার্যক্রম ও প্রকল্পসমূহের সার্বিক সেবা মানের উন্নয়ন ও অগ্রসর প্রযুক্তির প্রয়োগ এবং জনগণের দৌড়গোড়ায় সেবা পৌঁছানোর নিমিত্ত এই নীতিমালা প্রণয়ন করা হইল।

#### ১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন:

(ক) এই নীতিমালা সমাজসেবা অধিদপ্তরের গবেষণা নীতিমালা, ২০২২ নামে অভিহিত হইবে।

(খ) এই নীতিমালা সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারী ও অন্য যে কোন আগ্রহী নাগরিকের জন্য প্রযোজ্য হইবে।

(গ) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

#### ২। সংজ্ঞা:

বিষয়ের বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে এই নীতিমালায়-

(ক) “গবেষক” বলিতে গবেষণার উদ্দেশ্যে মনোনীত সমাজসেবা অধিদপ্তরের যে কোন কর্মকর্তা - কর্মচারী ও অন্য যে কোন আগ্রহী নাগরিককে বুঝাইবে।

(খ) “কমিটি” বলিতে গবেষণা প্রস্তাব যাচাইকরণ কমিটি ও গবেষণা মূল্যায়ন ও ব্যবস্থাপনা কমিটি বুঝাইবে।

(গ) “গবেষণার সময় বা মেয়াদ” বলিতে অর্থবৎসর (০১ জুলাই-৩০ জুন) বুঝাইবে।

(ঘ) “কর্তৃপক্ষ” বলিতে সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক অথবা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অথবা মনোনীত কর্মকর্তা।

#### ৩। গবেষণার উদ্দেশ্য:

গবেষণার উদ্দেশ্যসমূহ নিম্নরূপ-

(ক) সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের জ্ঞান ও কর্মদক্ষতা বৃদ্ধি করা;

(খ) সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন কার্যক্রম সংক্রান্ত বিষয়ে মূল্যায়ন এবং সঠিক ও সময়োপযোগী তথ্য-উপাত্ত (input) সরবরাহ করা; এবং

(গ) গবেষণার ফলাফলের মাধ্যমে প্রাপ্ত সুপারিশসমূহের বাস্তবায়নের মাধ্যমে সমাজসেবা অধিদপ্তরের কার্যক্রম ও প্রকল্পসমূহের সেবামান বৃদ্ধি করা।

#### ৪। গবেষণার পরিধি:

সমাজসেবা অধিদপ্তর পরিচালিত কার্যক্রম ও প্রকল্পসমূহসহ প্রশাসনিক ও নাগরিক সেবা সংক্রান্ত সকল বিষয় গবেষণার আওতাভুক্ত হইবে।



৫। গবেষণা দল:

এককভাবে কোনো গবেষণা কার্যক্রম পরিচালিত হইবে না; ন্যূনতম দুইজন এবং সর্বোচ্চ সাতজনের দল গবেষণা কার্য পরিচালনা করিবে।

৬। গবেষণা কমিটি:

গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে ব্যবস্থাপনার জন্য নিম্নরূপ দুইটি কমিটি থাকিবে, যথা:-

(৬.১) গবেষণা প্রস্তাব যাচাইকরণ কমিটি

- |  |              |
|--|--------------|
| (ক) অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)                 | - আহ্বায়ক   |
| (খ) উপপরিচালক (প্রশাসন ও অর্থ)                             | - সদস্য      |
| (গ) জাতীয় সমাজসেবা একাডেমির ১ জন প্রতিনিধি                | - সদস্য      |
| (ঘ) আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা এর ১ জন প্রতিনিধি      | - সদস্য      |
| (ঙ) সমাজসেবা অফিসার (আরও ১)                                | - সদস্য      |
| (চ) গবেষণা ও প্রকাশনা কর্মকর্তা                            | - সদস্য      |
| (ছ) সহকারি পরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ) | - সদস্য সচিব |

(৬.১.১) কমিটির কার্যপরিধি:

- (ক) গবেষণা প্রস্তাব আহ্বান, পর্যালোচনা ও বাছাই করা;
- (খ) প্রাপ্ত প্রস্তাবসমূহ যাচাই বাছাইপূর্বক সুপারিশ প্রদান করা; এবং
- (গ) সুপারিশকৃত প্রস্তাব গবেষণা মূল্যায়ন ও ব্যবস্থাপনা কমিটির নিকট প্রেরণ।

(৬.২) গবেষণা মূল্যায়ন ও ব্যবস্থাপনা কমিটি:

- |  |           |
|--|-----------|
| (ক) পরিচালক (প্রশাসন ও অর্থ)                   | -আহ্বায়ক |
| (খ) উপপরিচালক (প্রতিষ্ঠান ১)                   | - সদস্য   |
| (গ) উপপরিচালক (কার্যক্রম ১)                    | - সদস্য   |
| (ঘ) উপপরিচালক, সামাজিক নিরাপত্তা (সমন্বয়)     | - সদস্য   |
| (ঙ) অধ্যক্ষ, জাতীয় সমাজসেবা একাডেমি, ঢাকা     | - সদস্য   |
| (চ) উপপরিচালক, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা | - সদস্য   |



(ছ) সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয়ের একজন অধ্যাপক ও গবেষক (মহাপরিচালক কর্তৃক মনোনীত)	- সদস্য
(জ) সহকারি পরিচালক (গুদাম, যন্ত্রপাতি ও যানবাহন)	- সদস্য
(ঝ) সহকারি পরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ)	- সদস্য
(ঞ) সমাজসেবা অফিসার (আরও ১)	- সদস্য
(ট) গবেষণা ও প্রকাশনা কর্মকর্তা	- সদস্য
(ঠ) সমাজসেবা অফিসার (আরও ২)	- সদস্য
(ড) সমাজসেবা অফিসার (আরও ৩)	- সদস্য
(ঢ) উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)	- সদস্য সচিব

(৬.২.১) কমিটির কার্যপরিধি:

- (ক) গবেষণা প্রস্তাবের বিষয়ে অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট মতামত অথবা সুপারিশ প্রদান করা;
- (খ) গবেষণা প্রকল্পসমূহের বাস্তবায়ন তদারকি ও সমন্বয় সাধন করা;
- (গ) গবেষণা কার্যক্রমের অগ্রগতি মূল্যায়ন ও অর্থ ছাড়ের সুপারিশ করা; এবং
- (ঘ) গবেষণা প্রতিবেদনের উপর মতামত প্রদান করা।

(৬.৩) কমিটির সদস্যগণের সম্মানি কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে নির্ধারণ করা যাইবে। ইহা সমাজসেবা অধিদপ্তরের রাজস্ব বাজেটের গবেষণা খাত হইতে মিটানো হইবে।

(৬.৪) সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালকের অনুমোদনক্রমে কমিটি প্রয়োজনবোধে বিষয়-সংশ্লিষ্ট সমাজসেবা অধিদপ্তরের যে কোনো কর্মকর্তা কর্মচারি অথবা সমাজসেবা অধিদপ্তর-বহির্ভূত যে কোনো উপযুক্ত ব্যক্তিকে তাঁহার সম্মতি সাপেক্ষে বিশেষজ্ঞ সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিতে পারিবে।

৭। গবেষণা প্রস্তাব অনুমোদন:

(৭.১) গবেষণা ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রস্তাব সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক চূড়ান্ত অনুমোদন করিবেন।

(৭.২) গবেষণা প্রতিবেদন মুদ্রিত আকারে প্রকাশের বিষয়ে সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদান করিবেন।







**৮। গবেষণার ধরন:**

(৮.১) আর্থিক সংশ্লেষ বিবেচনায় দুই ধরনের গবেষণা প্রকল্প থাকিবে:

(ক) ক শ্রেণি: ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার উর্ধ্বের প্রাক্কলিত বাজেট সম্বলিত; এবং

(খ) খ শ্রেণি: ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত প্রাক্কলিত বাজেট সম্বলিত।

(৮.২) কর্তৃপক্ষ সময়ে সময়ে গবেষণা প্রকল্পের আর্থিক পরিধি নির্ধারণ করিতে পারিবে।

**৯। গবেষণা প্রস্তাবে যে সকল বিষয় অথবা অধ্যায় অন্তর্ভুক্ত থাকিবে;**

একটি গবেষণা প্রস্তাবে সাধারণভাবে যেসব বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকিবে তাহা পরিশিষ্ট 'ক' এ দেখানো হইলো।

**১০। গবেষণা প্রকল্প নির্বাচন, অনুমোদন ও বাস্তবায়নের সময়সূচি:**

(১০.১) গবেষণা প্রস্তাব নির্বাচন ও অনুমোদনের জন্য নিম্নরূপ সময়সূচি অনুসরণ করা হইবে;

(ক) গবেষণা প্রস্তাব গ্রহণ: প্রতি বৎসর আগষ্ট মাসের মধ্যে;

(খ) গবেষণা প্রস্তাব বাছাই ও সুপারিশ চূড়ান্তকরণ: ২০ সেপ্টেম্বরের মধ্যে;

(গ) গবেষণা প্রস্তাব অনুমোদন; সেপ্টেম্বর মাসের মধ্যে;

(ঘ) গবেষণাদল কর্তৃক গবেষণা: প্রস্তাব অনুযায়ী

(ঙ) খসড়া ফলাফলসহ সেমিনার আয়োজন: গবেষণাপত্র দাখিলের ১৫ দিনের মধ্যে;

(চ) চূড়ান্ত প্রতিবেদন দাখিল: সেমিনার আয়োজনের ১৫ দিনের মধ্যে; এবং

(ছ) হিসাবরক্ষণ শাখায় বিল দাখিল: মে মাসের মধ্যে।

(১০.২) উপর্যুক্ত সময়সীমা কর্তৃপক্ষ প্রয়োজনে হাস-বৃদ্ধি করিতে পারিবে।

**১১। আর্থিক ব্যবস্থাপনা:**

(ক) সমাজসেবা অধিদপ্তরের রাজস্ব বাজেটের গবেষণা খাতে বরাদ্দকৃত অর্থ হইতে এই গবেষণা কার্য পরিচালিত হইবে;

(খ) গবেষণা দলসহ অন্যান্য সদস্যের সম্মানী বরাদ্দকৃত অর্থের ৫০ শতাংশের বেশি হইবে না; সরাসরি সম্মানী দেওয়া যাইবে;

(গ) হিসাব নিরীক্ষাকালে কোনো আপত্তি উত্থাপিত হইলে নিষ্পত্তির দায় সম্মিলিতভাবে গবেষণা দলের উপর বর্তাইবে;





(ঘ) গবেষণার জন্য বরাদ্দকৃত অর্থ গবেষণা দল দুই কিস্তিতে উত্তোলন করিতে পারিবে; ১ম কিস্তি: গবেষণা কমিটি সুপারিশের আলোকে মহাপরিচালক কর্তৃক গবেষণা প্রস্তাব অনুমোদিত হওয়ার পর এবং ২য় কিস্তি মধ্যবর্তী মূল্যায়নের পর;

(ঙ) প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণ করিয়া গবেষণা-সংশ্লিষ্ট ব্যয় নির্বাহ করিতে হইবে;

(চ) মোট বরাদ্দের সর্বোচ্চ ৫% বই-জার্নাল বা অন্যান্য ডকুমেন্ট ক্রয়ে ব্যয় করা যাইবে এবং গবেষণা শেষে ক্রয়কৃত বই-জার্নালসমূহ সমাজসেবা অধিদপ্তরের গবেষণা, প্রকাশনা, মূল্যায়ন ও জনসংযোগ শাখার লাইব্রেরীতে জমা করিতে হইবে;

(ছ) গবেষণা দলের দলনেতার অনুকূলে অর্থ ছাড় করা হইবে; এবং

(জ) গবেষণা বাস্তবায়নের জন্য গবেষণা দলের সদস্যগণের ভ্রমণকালকে দাপ্তরিক কাজ হিসাবে গণ্য করা হইবে; তবে এ সংক্রান্ত সকল ব্যয় অনুমোদিত গবেষণা বরাদ্দ হইতে নির্বাহ করিতে হইবে।

## ১২। বিবিধ:

(ক) প্রত্যেক গবেষণা দলের জ্যেষ্ঠ কর্মকর্তা ঐ দলের দলনেতা হইবেন;

(খ) গবেষণা প্রস্তাব চূড়ান্ত অনুমোদন প্রাপ্তির পর কোনো গবেষণা দল অপারগতা প্রকাশ করিলে পরবর্তী দুই অর্থ বৎসর তাঁহারা কোনো গবেষণা প্রস্তাব দাখিল করিতে পারিবেন না;

(গ) গবেষণা দলের সদস্যগণ নিজে অথবা আউটসোর্সিং এর মাধ্যমে দিনভিত্তিতে তথ্য সংগ্রাহকের মাধ্যমে তথ্য সংগ্রহ করিতে পারিবেন; এইক্ষেত্রে দিনভিত্তিক সম্মানি প্রদান করা যাইবে;

(ঘ) গবেষণা দল গবেষণা শেষে দশ কপি প্রতিবেদন প্রকাশনা শাখায় জমা দিবে;

(ঙ) গবেষণা দল কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে Plagiarism পরিহার্য; কোনো দলের প্রতিবেদনে Plagiarism প্রমানিত হইলে ঐ দলের সদস্যগণ পরবর্তী সকল সময়ের জন্য গবেষণা কাজে অযোগ্য বিবেচিত হইবেন;


(চ) প্রদত্ত প্রতিবেদন মৌলিক এবং প্রতিবেদন বা ইহার কোন অংশ অপর কোন প্রতিবেদন বা উৎস হইতে আহরিত নয় মর্মে প্রতিবেদনে দলের সদস্যগণ প্রত্যয়ন প্রদান করিবেন;

(ছ) প্রতিবেদনে ব্যবহৃত তথ্য- উপাত্তের Reference স্বীকৃত পদ্ধতিতে প্রদান করিতে হইবে;

(জ) গবেষণা চলাকালীন গবেষণা দল প্রতি মাসের অগ্রগতি প্রতিবেদন পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এই নীতিমালার পরিশিষ্ট 'খ' প্রদত্ত ছকে গবেষণা মূল্যায়ন ও বাস্তবায়ন কমিটির আহ্বায়কের নিকট দাখিল করিবে;

(ঝ) গবেষণা কাজে আন্তর্জাতিকভাবে স্বীকৃত ethical issues নিশ্চিত করিতে হইবে;

(ঞ) জাতি, গোষ্ঠী, সমাজ, ধর্ম, বর্ণ নির্বিশেষে কোনো ব্যক্তিকে হয় প্রতিপন্ন করে — এই ধরনের কোনো গবেষণা প্রস্তাব গ্রহণ বা প্রশ্নপত্র প্রণয়ন কিংবা কাহাকেও পীড়া দেয় — এমন কোনো মন্তব্য, বিবৃতি, ছবি, প্রতীক- ইত্যাদি প্রতিবেদনে ব্যবহার করা যাইবে না;



(ঢ) সংগৃহীত তথ্য উপাত্ত যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে এবং প্রযোজ্য ক্ষেত্রে তথ্য প্রদানকারীর

গোপনীয়তা নিশ্চিত করিতে হইবে;

(ঠ) গবেষণা দলের কোনো সদস্যের বিরুদ্ধে অনিয়ম কিংবা অর্পিত দায়িত্ব পালনে অবহেলার অভিযোগ উত্থাপিত হইলে কর্তৃপক্ষ সেই বিষয়ে তদন্তক্রমে যথাযথ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে;

(ড) গবেষণা শাখা কমিটিসমূহকে সাচিবিক সহায়তা প্রদান করিবে;


(ঢ) গবেষণা কাজে কোন জটিলতা/প্রতিবন্ধকতা দেখা দিলে উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ) বিষয়টি অবিলম্বে গবেষণা মূল্যায়ন ও ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন করবেন এবং কমিটির সুপারিশের আলোকে বিষয়টি নিষ্পত্তির ব্যবস্থা করবেন;


(ণ) যদি কোন গবেষণা কাজের ব্যয়ভার মেটানোর পর অর্থ উদ্বৃত্ত থাকে তবে তা যথাসময়ে কর্তৃপক্ষ বরাবর ফেরৎ প্রদান করিতে হবে;


(ত) গবেষণা ক্ষেত্রে স্ব-স্ব দলনেতা প্রতি ৬ (ছয়) মাস অন্তর গবেষণা কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন করবেন;


(থ) প্রতিটি গবেষণা প্রতিবেদনের স্বত্ব সমাজসেবা অধিদপ্তর এর নিকট ন্যাস্ত থাকবে; এবং

(দ) এ নীতিমালার উদ্দেশ্য পূরণকল্পে সমাজসেবা অধিদপ্তর কর্তৃপক্ষ প্রয়োজনবোধে নির্ধারিত পদ্ধতি অনুসরণপূর্বক এ নীতিমালার সংশোধন/পরিবর্তন/পরিমার্জন করতে পারবেন।

  
29/02/22  
মোছাঃ নাসরিন সুলতানা  
সমাজসেবা অফিসার (আর ও)  
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা  
সমাজসেবা অধিদপ্তর  
আগারগাঁও, ঢাকা।

  
29/02/22  
তাসলিমা খাতুন  
সহকারী পরিচালক  
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)  
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

  
29/02/22  
রকিব আহমেদ  
উপপরিচালক  
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)  
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

  
সৈয়দ মোঃ নূরুল বাসির  
মহাপরিচালক (প্রশাসন ও অর্থ)  
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।  
আবু সালেহ মোস্তফা কামাল  
মহাপরিচালক  
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

- (ক) গবেষণার শিরোনাম (Title of The Research)
- (খ) ভূমিকা (Introduction)
- (গ) সমস্যা চিহ্নিতকরণ (Identification of Problem / Statement of the Problem)
- (ঘ) গবেষণার যৌক্তিকতা (Rationale of the Study)
- (ঙ) গবেষণার প্রশ্ন (Research Questions)
- (চ) গবেষণার উদ্দেশ্য (Objectives of Research)
- (ছ) গবেষণা পদ্ধতি (বিশদ বিবরণসহ) (Methods of the Study)
- (জ) গবেষণার মানদণ্ড (Ethical Consideration)
- (ঝ) গবেষণার উপকারভোগী (Beneficiaries of Research)
- (ঞ) গবেষণার পরিধি (Scope of Research)
- (ট) প্রত্যাশিত ফলাফল (Expected Results)
- (ঠ) কর্মপরিকল্পনা ও সময়সীমা (Action Plan and Time Frame)
- (ড) কর্মএলাকা (Working Area)
- (ঢ) উপাত্তের উৎস (Sources Of Data)
- (ণ) গবেষক দলের নাম ও পরিচিতি (Name and Introduction of the research team)
- (ত) প্রস্তাবিত বাজেট (Proposed Budget) এবং
- (থ) গ্রন্থপঞ্জী (Bibliography/ References)





গবেষণার অগ্রগতি প্রতিবেদন ছক

মাস: .....

গবেষণার বিষয়	গবেষণা দলের সদস্যগণের নাম ও পদবি	বরাদ্দের পরিমাণ	লক্ষ্যমাত্রা	বাস্তবায়ন অগ্রগতি	
				সম্পাদিত কার্যক্রম	আর্থিক (লক্ষ টাকায়)
১	২	৩	৪	৫	৬

.....

দলনেতার স্বাক্ষর

.....

গবেষণা দলের সদস্যবৃন্দের স্বাক্ষর

## সমাজসেবা অধিদপ্তর পরিচালিত ৫৪টি কার্যক্রম/কর্মসূচির তালিকা


ক্রম	কার্যক্রম
১	বয়স্ক ভাতা কার্যক্রম
২	বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতা কার্যক্রম
৩	অসম্মল প্রতিবন্ধী ভাতা কার্যক্রম
৪	প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি কার্যক্রম
৫	ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া রোগীদের আর্থিক সহায়তা
৬	চা শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচি
৭	হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি
৮	বেদে জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি
৯	অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি
১০	ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত ব্যক্তিদের বিকল্প কর্মসংস্থান
১১	ক্যাপিটেশন গ্রান্টপ্রাপ্ত বেসরকারী এতিমখানা
১২	সরকারি শিশু পরিবার
১৩	স্বচ্ছসেবী সংস্থা নিবন্ধন কার্যক্রম
১৪	শহর সমাজসেবা কার্যক্রম (ইউসিডি)
১৫	দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রম
১৬	পল্লী সমাজসেবা কার্যক্রম (আরএসএস)
১৭	দক্ষ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম
১৮	পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম (আরএমসি)
১৯	প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচি
২০	আশ্রয়ণ প্রকল্প
২১	প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন
২২	হাসপাতাল সমাজসেবা কার্যক্রম
২৩	প্রবেশন ও আফটার কেয়ার কার্যক্রম
২৪	আর্থ-সামাজিক প্রশিক্ষণ কেন্দ্র
২৫	প্রাক-বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র
২৬	জাতীয় সমাজসেবা একাডেমি
২৭	আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র
২৮	চাইল্ড সেন্সিটিভ সোশ্যাল প্রোটেকশন ইন বাংলাদেশ (সিএসপিবি)
২৯	শিশুর সহায়তায় ফোন ১০৯৮
৩০	শেখ রাসেল শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র
৩১	সমন্বিত দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষা কার্যক্রম
৩২	সরকারি দৃষ্টি প্রতিবন্ধী বিদ্যালয়
৩৩	সরকারি বাক-শ্রবণ প্রতিবন্ধীদের বিদ্যালয়
৩৪	জাতীয় দৃষ্টি প্রতিবন্ধী প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র (টি,আর,সি,বি)
৩৫	শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের বৃত্তিমূলক প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র (ইআরসিপিএইচ)









ক্রম	কার্যক্রম
৩৬	শিশু উন্নয়ন কেন্দ্র
৩৭	সরকারি আশ্রয় কেন্দ্র
৩৮	দুঃস্থ শিশুদের প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র
৩৯	শারীরিক প্রতিবন্ধীদের গ্রামীণ পুনর্বাসন উপকেন্দ্র (আরআরসি)
৪০	ব্রেইল প্রেস
৪১	কৃত্রিম অঙ্গ উৎপাদন কেন্দ্র
৪২	ছোটমনি নিবাস
৪৩	দিবাকালীন শিশু যত্ন কেন্দ্র
৪৪	জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র
৪৫	মানসিক প্রতিবন্ধী শিশুদের প্রতিষ্ঠান
৪৬	মহিলা ও শিশু কিশোরী হেফাজতিদের নিরাপদ আবাসন কেন্দ্র
৪৭	এতিম ও প্রতিবন্ধী ছেলেমেয়েদের কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র
৪৮	সামাজিক প্রতিবন্ধী মেয়েদের প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র
৪৯	রোহিঙ্গা শিশু সুরক্ষা পুনর্বাসন কার্যক্রম
৫০	Cash Transfer Modernization (CTM) প্রকল্প
৫১	মেধাবৃত্তি
৫২	উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়ন কার্যক্রম
৫৩	সরকারি ও বেসরকারি যৌথ উদ্যোগে পরিচালিত সমাপ্ত প্রকল্পের আওতায় ৩৭ টি হাসপাতাল/সংস্থা থেকে ৩০% গরীব রোগীকে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান
৫৪	সরকারি শিশু পরিবারের অভ্যন্তরে প্রবীণদের জন্য শান্তি নিবাস

  
 ২৭/৩/২২  
 মোছাঃ নাসরিন সুলতানা  
 সমাজসেবা অফিসার (আর ও)  
 গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা  
 সমাজসেবা অধিদপ্তর  
 আগারগাঁও, ঢাকা।

  
 ২৭/৩/২২  
 তাসলিমা খাতুন  
 সহকারী পরিচালক  
 (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)  
 সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

  
 ২৭/৩/২২  
 রকিব আহমেদ  
 উপপরিচালক  
 গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা  
 সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।